



দা য়ি ত্ব শী ল দে র দৈ নি ক

# দেশ রূপান্তর

২৪-০৪-২০২৪, পৃ.- অনলাইন

## উচ্চ শিক্ষা শেষে দেশে কাজ করার আহ্বান ইউজিসি চেয়ারম্যানের



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগ ২৪ ও ২৫ এপ্রিল দুদিন ব্যাপী রাজধানীর আফতাবনগরে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে 'সিএসই ফেস্ট' অনুষ্ঠানের আয়োজন করেছে। এবারের সিএসই ফেস্টে প্রায় ২৪টি বিশ্ববিদ্যালয় এবং বিশটি আইটি কোম্পানির প্রতিনিধিরা অংশ নিয়েছেন। উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) এর চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীর।

তিনি বলেন, ৫০ বছর আগে চীন, মালয়েশিয়া, ইন্দোনেশিয়ার মত দেশগুলো যে অবস্থায় ছিল, এখন তারচেয়ে বহুগুণ এগিয়েছে। তাদের দেশের মেধাবীরাই দেশকে এগিয়ে নিয়েছে। বাংলাদেশের অর্জন আরও বেশি হতো যদি মেধাবীরা বিদেশমুখী না হয়ে তাদের মেধা দেশের কাজে লাগাত। তাই, শিক্ষার্থীদের দেশে থেকে দেশকে এগিয়ে নিতে কাজ করার আহ্বান জানান অধ্যাপক আলমগীর।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন।

শিক্ষার্থীদের উদ্দেশে তিনি বলেন, তোমাদের অর্জনে এই দেশ, সমাজ, বাবা-মা'র অবদানের কথা চিন্তা করে নিজেকে শ্রেষ্ঠ মানুষ হিসেবে গড়ে তুলবে। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক শামস রহমান, এবং সিএসই বিভাগের চেয়ারপার্সন ও সহযোগী অধ্যাপক, ড. মাহিন ইসলাম।

এবারের 'সিএসই ফেস্ট'—এর আয়োজনগুলোর মধ্যে রয়েছে প্রোগ্রামিং প্রতিযোগিতা, গেমিং প্রতিযোগিতা, রোবো সকার, লাইন ফলোয়ার প্রতিযোগিতা, প্রজেক্ট শোকেসিং প্রতিযোগিতা, চাকরির মেলা, আইটি অলিম্পিয়াড, প্রযুক্তির নানান বিষয়ে ৫টি সেমিনার এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠান।